

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৩৬

১/ বিবিধ

আরবী

القرآن ذلول ذووجوه، فاحملوه على أحسن وجوهه ضعيف جدا

رواه الدارقطني (ص 485) عن زكريا بن عطية: أخبرنا سعيد بن خالد: حدثني محمد ابن عثمان عن عمرو بن دينار عن ابن عباس مرفوعا

قلت: وهذا سند ضعيف جدا، وفيه علل ثلاث

الأولى: جهالة محمد بن عثمان قال ابن أبي حاتم (4/1/24)

سمعت أبي يقول: هو مجهول

الثانية: سعيد بن خالد لم أعرفه

الثالثة: زكريا بن عطية قال ابن أبي حاتم (1/2/599)

سألت أبي عنه فقال: منكر الحديث

وقال العقيلي

هو مجهول

বাংলা

১০৩৬। কুরআন বুঝা এবং হেফ্য করা সহজ, তার কোন কোন বাক্য বিভিন্ন ভাবার্থ বহনকারী। অতএব তোমরা তাকে তার সর্বোত্তম ভাবার্থে ব্যবহার কর।

হাদীসটি নিতান্তই দুর্বল।



এটি দারাকুতনী (পৃঃ ৪৮৫) যাকারিয়া ইবনু আতিয়াহ হতে, তিনি সাঈদ ইবনু খালেদ হতে, তিনি মুহাম্মাদ ইবনু উসমান হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এতে তিনটি সমস্যা রয়েছেঃ

- ১। মুহাম্মাদ ইবনু উসমান মাজহুল। ইবনু আবী হাতিম (৪/১/২৪) বলেনঃ আমি আমার পিতাকে বলতে শুনেছি। তিনি মাজহুল (অপরিচিত)।
- ২। সাঈদ ইবনু খালেদকে আমি চিনি না।
- ৩। যাকারিয়া ইবনু আতিয়াহ সম্পর্কে ইবনু আবী হাতিম (১/২/৫৯৯) বলেনঃ তার সম্পর্কে আমি আমার পিতাকে জিজ্ঞাসা করেছিলাম তিনি বলেনঃ তিনি মুনকারুল হাদীস। উকায়লী বলেনঃ তিনি মাজহুল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন